

ছবি ভিডিও ভিডিও

## ভর্তি

# বিএসএমএমইউতে রেসিডেন্সি ভর্তি, আবেদন ও অর্থ জমার সময় বাড়ল

নিজস্ব প্রতিবেদক ঢাকা



বিএসএমএমইউ ফাইল ছবি

বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয় (বিএসএমএমইউ) ও অধিভুক্ত ইনসিটিউটগুলোতে এমডি/এমএস কোর্সে মার্চ ২০২৪-এ ভর্তি পরীক্ষার জন্য অর্থ জমা ও আবেদনের সময় বাড়ল। নতুন সময় অনুযায়ী, ১২ নভেম্বর পর্যন্ত অর্থ জমা দেওয়া যাবে। আবেদন করা যাবে ১৩ নভেম্বর পর্যন্ত। বিএসএমএমইউর এক বিজ্ঞপ্তিতে এসব তথ্য জানানো হয়েছে। এতে আরও বলা হয়েছে, ভর্তি পরীক্ষাসংক্রান্ত অন্য শর্তগুলো আগের নোটিশ অনুযায়ী অপরিবর্তনীয় থাকবে।

এর আগে গত ২৪ সেপ্টেম্বরের ভর্তিসংক্রান্ত নোটিশে বলা হয়, ‘আগামী বছরের ১ মার্চ থেকে একাডেমিক অধিবেশন শুরুর করার লক্ষ্যে বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয় এবং অধিভুক্ত মেডিকেল কলেজ, ডেন্টাল কলেজ, ইনসিটিউটে এমডি, এমএস ফেজে রেসিডেন্সি প্রোগ্রামের বিভিন্ন শাখায় ভর্তির জন্য নির্ধারিত ফরমে আবেদনপত্র আহ্বান করা হয়েছে। আবেদনের জন্য বিএসএমএমইউর পরীক্ষা পরিচালনা ও তহবিলের অনুকূলে অফেরতযোগ্য সাত হাজার টাকা পূর্বালী ব্যাংক শাহবাগ শাখায় অ্যাকাউন্ট নম্বর ০৯৮৭১০২০০১৭৩১-এ জমা দিতে হবে। অর্থ জমাদানের পর নির্ধারিত সময়ের মধ্যে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রদত্ত ফরম পূরণ করতে হবে।

এদিকে আবেদনকারীরা ১১ নভেম্বর থেকে ২৪ নভেম্বর (সকাল ৮.৩০-এর মধ্যে) পর্যন্ত তাঁদের অ্যাপ্লিকেশন নম্বর ও পাসওয়ার্ড দিয়ে প্রবেশপত্র ডাউনলোড করতে পারবেন।

লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হবে ২৪ নভেম্বর সকাল ৯টা থেকে দুপুর ১২টা পর্যন্ত। পরীক্ষার স্থান ও সিট প্ল্যান পরবর্তী সময়ে বিএসএমএমইউর ওয়েবসাইটে জানানো হবে বলেও জানানো হয়েছে। এ ছাড়া আবেদনকারীদের জন্য 07109-975092 ও 01709-975093 নম্বরে হেল্প ডেক্স চালু করা হয়েছে।

 **প্রথম আলোর খবর পেতে গুগল নিউজ চ্যানেল ফলো  
করুন**



 **prothomalo.com**

---

সম্পাদক ও প্রকাশক : মতিউর রহমান  
স্বত্ব © ১৯৯৮-২০২৩ প্রথম আলো